

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

E-mail : dgdncbd@gmail.com, website www.dnc.gov.bd Fax: 8802-8870010.

প্রজ্ঞাপন

নম্বর-৪৪.০৪.০০০০.০০৬.১৮.০০৮.৯০-৭৩

তারিখ : ১০ জুলাই, ২০১৬

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সকল প্রকার মদের দোকান বন্ধ ও খোলা রাখা সম্পর্কিত ১৯১৫ সালের ৩০ মার্চের ৫৯৬ এস,আর বিজ্ঞপ্তির ১৪(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে প্রজ্ঞাপন জারী করা যাচ্ছে যে, নিম্নলিখিত দিবসসমূহের পবিত্রতা ও মর্যাদা রক্ষার্থে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়সূচী (*চাঁদ দেখার উপর নির্ভরশীল) অনুসারে সকল প্রকার মদের দোকান/বার/ক্লাব বন্ধ থাকবে :


- ১। (ক) *শব-ই-বরাত ২২ মে ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ২৩ মে ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (খ) *শব-ই-কুদর ০২ জুলাই ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ০৩ জুলাই ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (গ) *ঈদ-উল-ফিতর ০৫ জুলাই ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ০৬ জুলাই ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (ঘ) *ঈদ-উল-আযহা ১১ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ১২ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (ঙ) *আশুরা ১১ অক্টোবর ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ১২ অক্টোবর ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (চ) *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ১১ ডিসেম্বর ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ১২ ডিসেম্বর ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;
- (ছ) *শব-ই-মিরাজ ০৪ মে ২০১৬ তারিখ সূর্যাস্ত হতে ০৫ মে ২০১৬ তারিখ সূর্যাস্ত পর্যন্ত ;

২। পবিত্র রমজান মাস :

- (ক) যে সকল আন্তর্জাতিক মানের হোটেল, ক্লাব এবং বারে যেখানে শুধুমাত্র বিদেশীরাই মদ্যপান করেন, সে সকল প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য হোটেল, ক্লাব এবং বার এ দিনের বেলায় মদ্যপান সম্পূর্ণভাবে বন্ধ থাকবে;
- (খ) দেশীমদের দোকানগুলো সকাল ৮.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত মদ বিক্রয়ের জন্য খোলা রাখা যাবে। তবে রমজান মাসের পবিত্রতা রক্ষার্থে পারমিটধারীগণও দোকানে বসে মদ্যপান করতে পারবেন না ;
- (গ) বিদেশী মদ “অফ” দোকানগুলো সকাল ৮.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে ;
- (ঘ) তাড়ীর দোকানগুলো কোন অবস্থাতেই দিনের বেলায় খোলা থাকবে না ;

৩। সকল প্রকার মদের দোকান ও বার শুক্রবারে অবশ্যই বন্ধ থাকবে।

৪। এরূপ বন্ধ রাখার জন্য লাইসেন্সধারীগণ কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না।


(খন্দকার রাব্বির রহমান)
মহাপরিচালক
ফোন : ৮৮৭০০১১

নং-৪৪.০৪.০০০০.০০৬.১৮.০০৮.৯০- ৭৯

তারিখ : ২০ জানুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/রেডিও বাংলাদেশ, জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষ, রামপুরা/ আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক(.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক(গোয়েন্দা শাখা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগীয় কার্যালয়।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মূদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৮। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়,
- ৯। উপ-পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,.....
- ১০। সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,
- ১১। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১২। অফিস কপি/গার্ড ফাইল।

পূর্ব পৃষ্ঠার প্রজ্ঞাপনটি সর্বসাধারণের অবগতির জন্য আপনার প্রচার মাধ্যমসহ অন্যান্য মাধ্যমে বহুল প্রচারের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

(মোঃ আখতার আলী সরকার)
পরিচালক(প্রশাসন)
ফোন : ৮৮৭০০১৬

ofc